বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

পাঠক্রম শাখা

কেন্দ্রের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ<br>এমডিএস (পিএন্ডএস) ও এপিএ টিম লিডার |
| সভার তারিখ | ২৬ অক্টোবর ২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ৯:০০ টা |
| স্থান | রেক্টর’স কনফারেন্স রুম, আইটিসি |
| উপস্থিতি | সংযুক্তি 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। ২০২২-২৩ অর্থবছরে কেন্দ্রের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের অর্জন যথাসময়ে নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সচেতন প্রয়াস অব্যাহত রাখার নির্দেশনা প্রদানই সভার মূল উদ্দেশ্য মর্মে সভাপতি জানান। অতঃপর, তিনি কেন্দ্রের এপিএ ফোকাল পয়েন্ট, পরিচালক (পিপিআর)কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানান।

০২। নির্দেশনা অনুযায়ী, এপিএ ফোকাল পয়েন্ট সভার আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। শুরুতেই তিনি কেন্দ্রের এপিএ ২০২২-২৩ অর্থবছরের প্রথম ত্রৈমাসিকের অর্জন সম্পর্কে অবহিত করেন। এছাড়াও, তিনি সভায় জানান, এপিএ কার্যাবলির ফলপ্রসূ বাস্তবায়নে শীঘ্রই কেন্দ্রের বিভিন্ন অনুবিভাগ/অধিশাখা/শাখায় কর্মরত ১১-১৬ গ্রেডভুক্ত (বিশেষভাবে, এপিএ সংশ্লিষ্ট কাজে নিয়োজিত) কর্মচারীদের নিয়ে একটি অবহিতকরণ সভা আয়োজন করা হবে।

০৩। অতঃপর, ফোকাল পয়েন্ট কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী উপস্থিত সদস্যবৃন্দের মতামত ও আলোচনার প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত বিষয়সমূহে ঐকমত্য পোষণ ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| | |
|---|---|
| **সিদ্ধান্ত-১:** | এপিএ (অর্থবছর ২০২২-২৩) লক্ষ্যমাত্রাসমূহ যেনো সঠিকভাবে বাস্তবায়িত এবং এতদ্‌সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকের মান যথার্থভাবে অর্জিত হয় তা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সকলকে সচেতন প্রয়াস অব্যাহত রাখতে হবে। বিশেষত, অনুবিভাগ/অধিশাখা/শাখাভিত্তিক বিভিন্ন কার্যক্রমসংশ্লিষ্ট প্রমাণকসমূহ যেনো উপযুক্ত হয় এবং সঠিকভাবে সংরক্ষিত হয় তা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে, এ বিষয়ে বিস্তারিত জানতে **‘এপিএ মূল্যায়ন নির্দেশিকা’** সংশ্লিষ্ট সকলকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে তাঁর আওতাধীন অনুবিভাগ/অধিশাখা/শাখায় নিয়োজিত সংশ্লিষ্ট অন্যান্য সহকর্মীদেরও অবহিত করতে হবে। |

| | |
|---|---|
| সিদ্ধান্ত-২: | এপিএ (অর্থবছর ২০২২-২৩) নির্ধারিত সূচি/নির্ধারক অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ গুরুত্ব আরোপ করতে হবে। যেমন-<br><br>ক) [৪.০১] ২০২৩-২৪ অর্থবছরের আওতায় গবেষণা প্রস্তাব আহবান- এর কার্যক্রম জানুয়ারি ২০২৩ এর ১ম সপ্তাহের মধ্যে সম্পন্নকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>খ) [১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণীত- কার্যক্রমটি ২৮/১০/২০২২ তারিখের মধ্যে সম্পন্নকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>গ) [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্যে বরবরাদ্দকৃত অর্থ ব্যয়িত- সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রশাসন অনুবিভাগকে অনুরোধ জানাতে হবে যেনো প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা দ্রুত গৃহীত হয় এবং এতদ্‌সংশ্লিষ্ট অর্থ যথার্থভাবে ব্যয়িত হয়।<br><br>ঘ) [১.৩.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত- নির্ধারিত সময়েই কার্যক্রমটি সম্পন্ন হওয়ায় মুদ্রিত বার্ষিক প্রতিবেদনে যেনো প্রকাশকাল যথার্থভাবে উল্লেখ করা থাকে তা নিশ্চিত করতে হবে।<br><br>ঙ) [১.৪.১] তথ্যের ক্যাটালগ ইনডেক্স প্রস্তুতকৃত/হালনাগাদকৃত- কার্যক্রমটি বাস্তবায়নে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট/কমিটি প্রযোজ্যক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক প্রয়োজনীয় তথ্য প্রেরণের অনুরোধ জানিয়ে কেন্দ্রের সংশ্লিষ্ট সকল অনুবিভাগ/অধিশাখা/শাখায় পত্র প্রেরণ করবে এবং প্রাপ্ত তথ্যেরভিত্তিতে দ্রুত ক্যাটালগ ইনডেক্স প্রস্তুত/হালনাগাদ করবে। |
| সিদ্ধান্ত-৩: | সংশ্লিষ্ট সকলকে এপিএ কার্যক্রমের প্রমাণক সংগ্রহ ও সংরক্ষণের ক্ষেত্রে বিশেষভাবে গুরুত্ব আরোপ করতে হবে। এক্ষেত্রে, বিভিন্ন কর্মসূচী, প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রমাণক সংগ্রহের জন্যে দায়িত্বপ্রাপ্ত কমিটি/অধিশাখা/শাখাকে মূল ভূমিকা পালন করতে হবে। এলক্ষ্যে, প্রয়োজনীয় কাগজপত্রাদি (ডকুমেন্টস)সহ ছবি (ক্যাপশন ও তারিখ উল্লেখপূর্বক) সংগ্রহে বিশেষ মনোযোগ দিতে হবে। উপযুক্ত প্রমাণক সংগ্রহের পাশাপাশি তা সংশ্লিষ্ট শাখা/দপ্তরে (যেমন- রেকর্ড/পিপিআর) যথাসময়ে প্রেরণেও তৎপর থাকতে হবে।<br><br>এছাড়াও, সংশ্লিষ্ট কমিটি/অনুবিভাগ/অধিশাখা/শাখাকে নির্ধারিত/প্রস্তুতকৃত ফোল্ডার/নথিতেও পুরো অর্থবছরের প্রমাণকসমূহ সংরক্ষণে যত্নশীল হতে হবে। যেনো জরুরি/বিশেষ প্রয়োজনে চাহিত প্রমাণক সংগ্রহ সহজতর হয়। |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় গুরুত্বপূর্ণ ও প্রাসঙ্গিক অভিমত প্রদানের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ
এমডিএস (পিএন্ডএস) ও এপিএ টিম লিডার

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.০৫.১০৩.২২.৮৭

তারিখ: ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা

২) পরিচালক (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা

৩) সদস্য (সকল), এপিএ টিম, বিপিএটিসি, সাভার, ঢাকা

৪) জনাব..................................................................

৫) রেক্টর-এর একান্ত সচিব, রেক্টর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্যে)

৬) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার-৪ এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

হাসান মূর্তাজা মাসুম
পরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট